দৈনিক খবর

..০০-020

০৪ JAN 1988
তারিখ ...
পৃষ্ঠা ... ১ কলাম ৩

অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুলের উদ্বোধন

# 'শিক্ষা ক্ষেত্রে এখনো সঠিক পথের সন্ধান পাইনি'

।। স্টাফ রিপোর্টার ।।

শিক্ষা ক্ষেত্রে আমরা এখনো সঠিক পথের সন্ধান পাইনি। ঐ ক্ষেত্রের ব্যবস্থাপনাও ত্রুটিপূর্ণ।

ঢাকার লালমাটিয়ায় গতকাল বৃহস্পতিবার বিকেলে 'অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুল' উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এ অভিমত ব্যক্ত করেছেন। স্কুলের অধ্যক্ষ ইয়ান বার্জেজ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

# শিক্ষা ক্ষেত্রে এখনো

প্রথম পৃষ্ঠার পর

ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ডক্টর এমাজউদ্দিন আহমেদ। বিশেষ অতিথি ছিলেন 'দৈনিক খবর' সম্পাদক জনাব মিজানুর রহমান মিজান। অন্যান্যের মধ্যে আলোচনা ও বক্তৃতা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ডক্টর হারুনুর রশীদ ও অধ্যাপক ফেরদৌস হোসাইন এবং স্কুলের সিনিয়র ভাইস প্রিন্সিপ্যাল ফরহাদ আহমেদ।

প্রধান অতিথি ডক্টর এমাজউদ্দিন উদ্বোধনী ভাষণে বলেন, জাতি কোন মর্যাদায় রয়েছে তা নির্ধারিত হয় শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মান এবং শিক্ষাপ্রাপ্তদের নৈপুণ্য ও দক্ষতা অর্জনের মাধ্যমে।

তিনি বলেন— দেশের রাজনৈতিক, অর্থনৈতিক ও শিক্ষা ক্ষেত্রের সমস্যাগুলোকে আমরা আমাদের মতো করে সমাধানের জন্যে বার বার চেষ্টা করেছি। কিন্তু ব্যর্থ হয়েছি। দীর্ঘ ৪০ বছরেও আমরা আমাদের লক্ষ্যে পৌঁছতে পারিনি।

তিনি আরো বলেন, শিক্ষা ক্ষেত্রকে সঠিক পথে পরিচালিত করতে হলে সৃজনমুখী প্রতিভাকে প্রকাশ ও সুষ্ঠু বিকাশ দরকার। এটা সম্ভব সুস্থ ও সুন্দর শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে। অথচ আমরা দেশের উপরের এবং নীচের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এখনো আমাদের মনের মতো নির্দেশনায় পরিচালিত করতে পারিনি। পরিবেশ পরিস্থিতি আমাদেরকে বার বার ব্যর্থ করে দিচ্ছে।

উদ্বোধনী ভাষণের পর তিনি স্কুলের শুভ উদ্বোধন ঘোষণা করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথির ভাষণে 'দৈনিক খবর' সম্পাদক জনাব মিজানুর রহমান মিজান বলেন, সৃজনশীল ও গঠনমূলক কাজ করতে হলে সুস্থ মানসিকতা দরকার। এ ধরনের মানসিকতার অভাব রয়েছে বলেই আমাদের দেশের শিক্ষা ক্ষেত্র আজ অবহেলিত। আর এ অবহেলার কারণেই দেশের শিক্ষা ক্ষেত্রগুলোতে অসুস্থ পরিবেশ বিরাজ করছে।

জনাব মিজান বলেন, অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুল থেকে যারা শিক্ষা লাভ করবে তাদের মন-মানসিকতা যদি সৃজনশীল এবং সেবার মনোভাব নিয়ে গড়ে উঠে, তাহলে চলতি সমস্যা দূর হতে পারে। এভাবেই অক্সফোর্ড স্কুলের মতো শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সৃজনশীল শিক্ষা চালু করা আজ বড় প্রয়োজন।

'দৈনিক খবর' সম্পাদক তাঁর ভাষণে সরকারী সাহায্য-সহযোগিতার দিকে ভরসা না করে শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল ক্ষেত্রে নিজেদের উদ্যোগ এবং আদর্শ কাজে লাগানোর জন্যে আহবান জানিয়েছেন।

স্কুলের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে জনাব মিজান প্রাথমিক পর্যায়ে অনেক সমস্যার মুখোমুখি হলেও তা ধৈর্যের মধ্য দিয়ে সমাধানের পরাম দেন।

ডক্টর হারুনুর রশীদ বলেন, আমাদে শিক্ষা ব্যবস্থা আজ বিপর্যস্ত। শিক্ষা ক্ষেত্রে স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত কো উন্নয়ন হয়নি। অথচ রাষ্ট্র ব্যবস্থার অনে ক্ষেত্রের উন্নতি সাধিত হয়েছে।

তিনি বলেন, ৪৩ বছর আগে থে বিভিন্ন রাজনৈতিক ও রাষ্ট্রীয় পর্যায় থে শিক্ষা ব্যবস্থায় উন্নয়নের আশ্বাস দে হয়েছে। প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূল ও অবৈতনিক করার জন্যে রাষ্ট্র পর্যায়ের নেতারা লিখিত আশ্বাস দিয়েছেন। তারপরও আজ আমাদে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা বিপর্যস্ত।

অধ্যাপক ফেরদৌস হোসাইন বলে শিক্ষা ক্ষেত্রের বর্তমান নৈরাজ্যক পরিস্থিতি ও পরিবেশকে সুষ্ঠু ও সুন্দ করার দায়িত্ব আমাদেরই। এ সমস্যা সমাধান না করতে পারলে আমর আমাদের ভবিষ্যৎ বংশধরদের কাছে দায় থাকবো।

তিনি বলেন, এমন একটি শিক্ষ কাঠামো দরকার যেখানে শিল্প, অর্থনীতি ও রাজনীতির ক্ষেত্রে সুস্থ পরিবেশ ফি আসতে পারে।

জনাব ফরহাদ আহমেদ বলেন, শিক্ষ ক্ষেত্রে নৈরাজ্যকর পরিস্থিতি চলছে— একথা সত্য। এ পরিস্থিতি মোকাবেল করতে হলে এখন প্রাথমিক শিক্ষ ক্ষেত্রগুলোতে সৃজনশীল শিক্ষা দিতে হবে। এ ধরনের শিক্ষা প্রদানের উদ্দেশ নিয়েই অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুল তার যাত্রা শুরু করলো।

স্কুল অধ্যক্ষ ও অনুষ্ঠানের সভাপতি ইয়ান বার্জেজ বলেন, স্কুলটি নতুন চিন্তা-ধারা নিয়ে প্রতিষ্ঠিত হয়েছে এদেশে অনেক অভিভাবক সন্তানদে শিক্ষা নিয়ে বিপাকে পড়েন। অক্সফো ইন্টারন্যাশনাল স্কুল এ ক্ষেত্রে অভিভাবকদের ভূমিকা পালন করবে।

অনুষ্ঠানের শুরুতে স্কুলের ছোট্ট মনি প্রধান অতিথি, বিশেষ অতিথি অন্যান্যদের ফুলের তোড়া দিয়ে বর করে নেয়। আলোচনা শেষে এক মনো সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ক হয়।